# ASIAN HOTELS (EAST) LIMITED

CIN : L15122WB2007PLC162762
**Regd. Office** : Hyatt Regency Kolkata Hotel, JA-1, Sector - III, Salt Lake City, Kolkata - 700 106, W.B., India
Tel: 033 6820 1344 / 1346, Fax : 033 2335 8246, E-mail : clocs@sarafhotels.com, Website : www.ahleast.com

14th June, 2023

| | |
|---|---|
| **The Manager**<br>**Listing Department**<br>**BSE Limited**<br>**Phiroze Jeejeebhoy Towers,**<br>**Dalal Street, Mumbai- 400001**<br>**Tel: (022 2272 8013)**<br>**Fax: (022 2272 3121)** | **The Manager**<br>**Listing Department**<br>**National Stock Exchange of India Ltd.**<br>**Exchange Plaza**<br>**Plot No. C/1, G Block,**<br>**Bandra – Kurla Complex**<br>**Bandra (E), Mumbai – 400 051**<br>**Tel: (022) 2659 8235/36**<br>**Fax: (022) 2659 8237/38** |
| **Type of Security: Equity shares**<br>**Scrip Code : 533227** | **Type of Security: Equity shares**<br>**NSE Symbol : AHLEAST** |

Madam/Sir,

**Sub:** **Newspaper Advertisement regarding transfer of Equity Shares & Dividend to the Investor Education and Protection Fund (IEPF)**

In terms of Regulation 30 read with Schedule III Part A Para A of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find attached the copies of newspaper advertisements published in Business Standard (English) and Ekdin (Bengali) today in respect of notice to shareholders of the Company for transfer of equity shares & dividend to IEPF pursuant to Section 124(6) of the Companies Act, 2013 read with the Investor Education and Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016.

The aforesaid notice and the details of shares liable to be transferred to the IEPF are available on the Company's website at www.ahleast.com.

This is for your information and ready reference.

Thanking you.

Yours truly,

For **Asian Hotels (East) Limited**
SAUMEN CHATTERJEE
Digitally signed by SAUMEN CHATTERJEE
Date: 2023.06.14 12:11:49 +05'30'


Asian Hotels (East) Limited
Kolkata

**Saumen Chatterjee**
**Chief Legal Officer &**
**Company Secretary**

Encl: as above

OWNER OF
HYATT REGENCY™
KOLKATA HOTEL

# ১০ সেকেন্ডের ভূমিকম্পে কাঁপল দিল্লি-সহ গোটা উত্তর ভারত



**নয়াদিল্লি, ১৩ জুন:** মঙ্গলবার দুপুরে প্রায় ১০ সেকেন্ড ধরে কাঁপল রাজধানী দিল্লি-সহ উত্তর ভারতের একটা বিরাট অংশ। প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, জম্মু ও কাশ্মীরের ডোডা জেলার গান্দোহ ভালেসা গ্রামের কাছে একটি ৫.৪ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়। ইউরোপীয়-ভূমধ্যসাগরীয় সিসমোলজিক্যাল সেন্টার বা ইএমএসসির তথ্য অনুসারে, রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৫.৭। সংস্থার তরফ থেকে এও জানানো হয়, জম্মু ও কাশ্মীরের কিস্তওয়ারের ৩০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে ছিল এই ভূমিকম্পের উৎস। দিল্লি রাজধানী এলাকার পাশাপাশি, পঞ্জাব, হরিয়ানা, হিমাচল প্রদেশ-সহ উত্তর ভারতের বহু রাজ্যেই জোরালো থেকে মাঝারি কম্পন অনুভূত হয়।

সূত্রে খবর, দুপুর ১টা ৩৬ মিনিট নাগাদ ১০ সেকেন্ড ধরে কম্পন অনুভূত হয়। ভরদুপুরে হঠাৎ কম্পন অনুভূত হওয়ায় আতঙ্ক ছড়িয়ে পড়ে রাজধানী দিল্লি, পঞ্জাব-সহ একাধিক জায়গায়। ভর দুপুরে হঠাৎ ভূমিকম্পের জেরে আতঙ্ক ছড়িয়ে পড়লেও তা সাময়িক ছিল। তবে সুরক্ষার জন্য দিল্লিবাসী নিজেদের ঘরবাড়ি থেকে রাস্তায় বেরিয়ে আসেন। একই চিত্র দেখা গিয়েছে পঞ্জাব ও জম্মু-কাশ্মীরে।

এদিন দুপুর দেড়টা নাগাদ এই ভূমিকম্প অনুভূত হয়। প্রায় ১০ সেকেন্ড ধরে কম্পন চললেও, এখনও পর্যন্ত কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। ভূ-পৃষ্ঠ থেকে ৬ কিলোমিটার গভীরে এই ভূমিকম্প হয়। তাই ক্ষয়ক্ষতি অনেকটাই কম হয় বলেই মনে করছেন ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজির বিশেষজ্ঞরা। পাশাপাশি ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি টুইট করে এও জানায়, '৫.৪ মাত্রার ভূমিকম্পটি জম্মু ও কাশ্মীরের ডোডায় মাটির ৬ কিলোমিটার গভীরে আঘাত হেনেছে। পাকিস্তানের লাহোর এবং চিনের কিছু অংশেও কম্পন অনুভূত হয়েছে বলে, জানা গিয়েছে।' তবে এই ভূমিকম্পের পরই বহু মানুষ সোশ্যাল মিডিয়ায় তাঁদের অভিজ্ঞতা ভাগ করেন। তাতে যে সব ভিডিও আপলোড করা হয়েছে তাতে নজরে আসে ভূমিকম্পের প্রভাবে ঝাড়বাতি, সিলিং ফ্যান, জলের গ্লাস প্রবলভাবে দুলতে দেখা যায়। এদিকে শ্রীনগরের এক স্থানীয় বাসিন্দা জানান, 'ভূমিকম্পে স্কুলের ছেলেমেয়েরা ভয় পেয়ে যায়। দোকানের লোকজন ছুটে বেরিয়ে আসেন।' পাশাপাশি এও জানান, গত সপ্তাহের ভূমিকম্পের থেকে এদিনের কম্পনের তীব্রতা অনেক বেশি ছিল। প্রসঙ্গত, ১০ জুন, ৩.৯ মাত্রার এক ভূমিকম্পে কেঁপে উঠেছিল লাদাখ এবং জম্মু ও কাশ্মীর। সেই ভূমিকম্পের উৎসস্থল ছিল লাদাখ।

এদিকে মঙ্গলবার ভোরে মায়ানমারে আরেকটি ৩.৭ মাত্রার ভূমিকম্প হয়েছে। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, মঙ্গলবার ভোর ২টো বেজে ৫৩ মিনিটে মাটির ১০ কিলোমিটার গভীরে এই ভূকম্পন হয়। তবে সাম্প্রতিক সময়ে যেভাবে ভূমিকম্পের সংখ্যা বাড়ছে তাতে উদ্বেগ বাড়ছে। প্রসঙ্গত, গত ৩ বছরে একাধিক ভূমিকম্পের সাক্ষী থেকেছে রাজধানী দিল্লি। ২০২১ সালে ৬.৩ রিখটার স্কেলে কেঁপে উঠেছিল দিল্লি। এরপর, ২০২২ সালের ২২ ফেব্রুয়ারি কম্পন অনুভূত হয়েছিল দিল্লিতে। রিখটার স্কেলে মাত্রা ছিল ৪.৫। এরপর ২০২২ সালে ১২ নভেম্বর ৫.৪ রিখটারের ভূমিকম্পের আঁচ লাগে দিল্লিতে। আর এই বছর ২১ মার্চ দিল্লিতে ভূমিকম্প হয় রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ৭.৭।



# 'বিপর্যয়'-আসার আগেই তছনছ গুজরাত উপকূল

**আমদাবাদ, ১৩ জুন:** ঘূর্ণিঝড় 'বিপর্যয়' ক্রমশ শক্তিশালী হয়ে উঠছে। যদিও ল্যান্ডফলের এখনও একদিন দেরি রয়েছে। সোমবার থেকেই ফুঁসতে শুরু করেছিল আরব সাগর। আরও উত্তাল হয়ে উঠেছে মঙ্গলবার। ইতিমধ্যেই বৃষ্টি শুরু হয়েছে গুজরাত-সহ রাজস্থানেও। বৃষ্টির সঙ্গে চলছে ঝোড়ো হাওয়া। 'বিপর্যয়' আসার আগেই ইতিমধ্যে ঝোড়ো হাওয়ার দাপটে গুজরাতে কয়েকজনের মৃত্যু হয়েছে। উপকূলবর্তী এলাকার বাসিন্দাদের অন্যত্র নিরাপদ স্থানে সরানো হচ্ছে। সামগ্রিক বিষয়টি নিয়ে তদারকি করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বয়ং। সূত্রের খবর, গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলের সঙ্গে তিনি ফোনে কথা বলেছেন এবং বিপর্যয় মোকাবিলায় সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন। উচ্চ পর্যায়ের বৈঠকে বসেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মৌসম ভবন সূত্রে খবর, মঙ্গলবার ভোরে পোরবন্দরের পশ্চিম ও দক্ষিণ-পশ্চিম থেকে ৩০০ কিলোমিটার দূরে অবস্থান করছিল শক্তিশালী ঘূর্ণিঝড় 'বিপর্যয়'। এটি ধীরে-ধীরে সৌরাষ্ট্র ও কচ্ছ উপকূল এবং সংলগ্ন পাকিস্তানের জাখাউ বন্দরের দিকে এগিয়ে যাচ্ছে।

**বৈঠকে অমিত শাহ**

# নৃশংস ঘটনা বেঙ্গালুরুতে, মেয়ের হাতে খুন মা

**বেঙ্গালুরু, ১৩ জুন:** চরম নৃশংস ঘটনার সাক্ষী থাকল বেঙ্গালুরু। মেয়ের হাতে খুন হলেন মা। ঘটনাটি ঘটেছে শহরের মিকো লেআউট এলাকায়। এরপর মায়ের দেহ সুটকেসে ভরে মেয়ে নিজেই হাজির হন থানায়। পুলিশের কাছে স্বীকারও করে নেয় মাকে খুনের ঘটনা। কারণ হিসেবে বেঙ্গালুরু পুলিশের কাছে মেয়ে এও জানিয়েছে, মায়ের সঙ্গে নিত্য ঝগড়া-অশান্তি লেগে থাকত। যা নিয়ে বিরক্ত হয়ে পড়েছিলেন। সেই বিরক্তি থেকে রেহাই পেতেই মা-কে খুন করে ফেলেন। আর এই ঘটনায় অভিযুক্ত মহিলার আদতে বাড়ি পশ্চিমবঙ্গে। পাশাপাশি ওই মহিলা এও জানান, প্রথমে তিনি মা-কে ঘুমের ওষুধ খাওয়ান। তারপর ছুরি দিয়ে মা-কে কুপিয়ে খুন করেন। এরপর মায়ের রক্তাক্ত দেহ স্যুটকেসে ভরে হেঁটে থানায় আসেন। মিকো লেআউট থানার আধিকারিক জানান, মা-কে খুন করার কারণ সম্পর্কে মেয়ে এও জানিয়েছেন, প্রতিদিন তাঁর মা বচসা করত। বেঙ্গালুরু পুলিশ সূত্রে খবর, মেয়ের হাতে মায়ের খুনের ঘটনাটি ঘটে সোমবার দুপুর ১টা নাগাদ।

# রোজগার মেলার মঞ্চ থেকে তৃণমূল সরকারকে আক্রমণ প্রধানমন্ত্রীর



**নয়াদিল্লি, ১৩ জুন:** সরকারি অনুষ্ঠান। যুবসমাজকে চাকরি বিলির মঞ্চ। সেই মঞ্চ থেকেই নাম না করে বাংলার তৃণমূল সরকারকে তুলোধোনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বলে দিলেন, বাংলায় প্রত্যেকটা চাকরির জন্য আলাদা রেট কার্ড আছে। আর এই রেটকার্ড যুবসমাজের স্বপ্ন-আকাঙ্ক্ষা ভেঙে চুরমার করে দিচ্ছে।

মঙ্গলবার রোজগার মেলায় দেশের ৭৭ হাজার কর্মপ্রার্থীর হাতে ভারচুয়াল মাধ্যমে নিয়োগপত্র তুলে দেন প্রধানমন্ত্রী। কেন্দ্রের বিভিন্ন দপ্তরে চাকরি পেয়েছেন এই ৭৭ হাজার যুবক-যুবতী। এদের নিয়োগপত্র তুলে দেওয়ার মঞ্চ থেকেই রাজনৈতিকভাবে তৃণমূলকে আক্রমণ করলেন মোদি। সরাসরি বাংলার নাম না করলেও আদ্যপান্ত প্রধানমন্ত্রীর ভাষণে নিশানা ছিল এরাজ্যের শাসকদল। প্রধানমন্ত্রীর অভিযোগ, 'দেশে পরিবারতান্ত্রিকে দলগুলি সব ব্যবস্থায় ভাই-ভাইপোদের বেশি গুরুত্ব দিয়েছে। সরকারি চাকরির ক্ষেত্রেও সুপারিশ, ভাই-ভাতিজারা প্রাধান্য পেত।'

রাজ্যের নিয়োগ দুর্নীতি ইস্যুকে হাতিয়ার করে এদিন প্রধানমন্ত্রী বলেন, 'এক রাজ্যে টাকার বদলে চাকরির দুর্নীতির তদন্তে যা যা প্রকাশ্যে আসছে, সেটা আমাদের দেশের যুবসমাজের জন্য বিরাট চিন্তার ব্যাপার। কী পদ্ধতিতে চাকরি হয় জানেন? সরকারি চাকরি চাইলে সব পদের জন্য আলাদা রেট কার্ড আছে। ছোট ছোট গরিব মানুষকে লুট করা হচ্ছে। সাফাইকর্মী থেকে ড্রাইভার সব চাকরির জন্য আলাদা আলাদা রেট রয়েছে। শিক্ষক থেকে নার্স, সব পদের জন্য ওই রাজ্যে রেটকার্ড, আর কাটমানির কারবার চলে। দেশের যুবসমাজ কোথায় যাবে? এই স্বার্থান্বেষী সরকার হলে মানুষ কোথায় যাবে।'

আক্রমণের ঝাঁজ আরও বাড়িয়ে মোদি বলেন, 'এই দুর্নীতিগ্রস্ত, পরিবারতান্ত্রিক দলগুলির বিকল্প একমাত্র বিজেপির স্বচ্ছ সরকার। আপনাদের সামনে দুটো বিকল্প, একদিকে পরিবারতান্ত্রিক, ভাই-ভাতিজাবাদ করার দল। ওরা কাটমানি আর রেটকার্ডের মাধ্যমে দেশকে লুটে নিচ্ছে। আমরা সেফগার্ড করছি। রেটকার্ড আপনার স্বপ্ন ভেঙে চুরমার করে দেয়, আর আমরা আপনাদের সেই ইচ্ছা-আকাঙ্ক্ষাকে সেফগার্ড করার চেষ্টা করছি। এবার দেশকে ঠিক করতে হবে, দেশের যুবসমাজের ভবিষ্যৎ রেটকার্ডের উপর চলবে নাকি সেফগার্ডের নীতিতে চলবে।'

# উত্তর কোরিয়ায় খিদের চোটে লাফিয়ে বাড়ছে আত্মহত্যা!



**পিয়ং ইয়ং, ১৩ জুন:** গত বছরের তুলনায় নাকি ৪০ শতাংশ বেড়েছে আত্মহত্যা। অনাহারে যত মানুষ মারা যাচ্ছেন, তার থেকে ঢের বেশি মানুষের মৃত্যু হচ্ছে আত্মহত্যায়। এই প্রবণতাকে 'সমাজতন্ত্রের প্রতি বিশ্বাসঘাতকতা' তথা একধরনের রাষ্ট্রদ্রোহ বলেই উল্লেখ করে আত্মহত্যা বন্ধ করতে দেশবাসীকে নির্দেশ দিলেন উত্তর কোরিয়ার একনায়ক কিম জং উন। এবিষয়ে পদক্ষেপ করতে স্থানীয় প্রশাসনগুলিকেও নির্দেশ দেওয়া হয়েছে।

আত্মহননের সংখ্যা লাফিয়ে বাড়ছে উত্তর কোরিয়ায়। জানা যাচ্ছে, খিদে ও অপরিসীম দারিদ্রের ধাক্কাতেই এই চরম পথ বেছে নিচ্ছেন বহু মানুষ। প্রকৃত সংখ্যা প্রকাশ না করলেও সংখ্যাটা যে উদ্বেগজনক তা জানা যাচ্ছে। দক্ষিণ কোরিয়ার দাবি, সেদেশে আত্মহত্যা বেড়েছে ৪০ শতাংশ। এই বিপুল সংখ্যাবৃদ্ধিতে তাই কপালে চিন্তার ভাঁজ কিমের।

কিম জানিয়েছেন আত্মহত্যা হল 'সমাজতন্ত্রের প্রতি বিশ্বাসঘাতকতা'। যেনতেনপ্রকারেণ একে রুখতে স্থানীয় প্রশাসনকে উদ্যোগী হতে নির্দেশ দিয়েছেন তিনি। কোনও অঞ্চলে আত্মহত্যা বাড়লে স্থানীয় প্রশাসকদেরও কাঠগড়ায় তোলা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন তিনি। জানা যাচ্ছে, সম্প্রতি বারবার এই বিষয়টি নিয়ে বৈঠক হয়েছে। দেখা গিয়েছে, গোটা পরিবারই আত্মহত্যা করছে এমন নজিরও রয়েছে। এই ধরনের ঘটনায় উদ্বিগ্ন হয়ে শেষমেশ এই নির্দেশ দিয়েছেন কিম।

দক্ষিণ কোরিয়া ও আমেরিকার হুঁশিয়ারিতে এমনিতেই অস্বস্তিতে রয়েছেন উত্তর কোরিয়ার শাসক। দুই দেশের হুঁশিয়ারি, আমেরিকা কিংবা দক্ষিণ কোরিয়ার বিরুদ্ধে পারমাণবিক অস্ত্র প্রয়োগ করলেই তার মাশুল গুনতে হবে কিমকে। এই পরিস্থিতিতে দেশে বেড়ে চলা আত্মহত্যার ধাক্কাতে আরও বেকায়দায় কিম।

# বেশ কিছুদিন বন্ধ থাকবে ভারত-বাংলাদেশ ট্রেন পরিষেবা




**ঢাকা, ১৩ জুন:** আপাতত বন্ধ রাখা হচ্ছে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক ট্রেন পরিষেবা। বাংলাদেশের সঙ্গে ভারতের সংযোগকারী মৈত্রী এক্সপ্রেস ও বন্ধন এক্সপ্রেস উভয় ট্রেনই আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভারতীয় রেলের তরফে জানানো হয়েছে, কলকাতা-ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস (১৩১০৯/১৩১১০), ঢাকা-কলকাতা-ঢাকা মৈত্রী এক্সপ্রেস (১৩১২৯/১৩১৩০) এবং কলকাতা-খুলনা-কলকাতা বন্ধন এক্সপ্রেস (১৩১২৯/১৩১৩০) সাময়িকভাবে বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রেলের তরফে জানানো হয়েছে, বাংলাদেশে ঈদ-উল-আজা উদযাপনের জন্য ট্রেনগুলি আপাতত বাতিল রাখা হচ্ছে। আপাতত ২৩ জুন থেকে ৩ জুলাইয়ের মধ্যে এই আন্তর্জাতিক ট্রেন পরিষেবা বন্ধ থাকবে।

এরপর থেকে অবশ্য আবার স্বাভাবিক পরিষেবা চালু হয়ে যাবে এই আন্তর্জাতিক দুই ট্রেনের। উল্লেখ্য, ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক রেল যোগাযোগের ক্ষেত্রে এই দুটি ট্রেন ভীষণ গুরুত্বপূর্ণ ও জনপ্রিয়। বহু যাত্রী প্রতিদিন এই ট্রেনগুলিতে করে বাংলাদেশ থেকে এদেশে আসেন। আবার এপার বাংলা থেকেও অনেকে ওপার বাংলায় যান। বন্ধন এক্সপ্রেস ও মৈত্রী এক্সপ্রেস ভারত-বাংলাদেশ বন্ধুত্বের সম্পর্ককে আরও মজবুত করেছে। কিন্তু মাঝে ইদ-উল-আজার জন্য ট্রেন পরিষেবা সাময়িকভাবে বাতিল থাকার কারণে অনেক যাত্রীকেই সমস্যায় পড়তে হতে পারে। যদিও এই ক'টা দিন কেটে গেলে, তারপর আবার ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক রুটে ট্রেন পরিষেবা স্বাভাবিক হয়ে যাবে।

# গুজরাতে বেস্ট বেকারি হত্যা মামলায় বেকসুর খালাস দুই অভিযুক্ত

**মুম্বই, ১৩ জুন:** ২০০২ সালের গুজরাত হিংসার সময় হামলার মুখে পড়েছিল ভদোদরার বিখ্যাত বেস্ট বেকারি। ১০০০-এরও বেশি মানুষ হামলা চালিয়েছিল। নিহত হয়েছিলেন ১৪ জন। মঙ্গলবার সেই মামলায় অভিযুক্ত দুই ব্যক্তিকে বেকসুর খালাস দিল মুম্বইয়ের এক দায়রা আদালত। গুজরাত পুলিশ বেস্ট বেকারি হত্যা মামলায় ২১ জনের বিরুদ্ধে মামলা করেছিল। ২০০৩-এ অবশ্য ভদোদরার এক আদালত সমস্ত অভিযুক্তকেই বেকসুর খালাস দিয়েছিল। ২০০৪-এ সুপ্রিম কোর্ট গুজরাতের বাইরে এই মামলার পুনর্বিবেচনার নির্দেশ দিয়েছিল। মুম্বইয়ে যখন এই মামলার পুনর্বিবেচনার মামলা চলছিল, সেই সময় অন্য অভিযুক্তদের বিচার হলেও পলাতক ছিলেন দুই অভিযুক্ত, হর্ষদ সোলাঙ্কি এবং মাফাত গোহিল। ২০১৩ সালে তাঁদের গ্রেপ্তার করা হয়। ২০১৯ সাল থেকে তাঁদের আলাদা বিচার শুরু হয়। সেই মামলাতেই এদিন দুজনকে যাবতীয় অভিযোগ থেকে মুক্তি দিল আদালত।

ভদোদরার আদালত বেস্ট বেকারি মামলার সমস্ত অভিযুক্তকে বেকসুর খালাস দেওয়ার পর সুপ্রিম কোর্টে এই মামলার বিচার সুষ্ঠুভাবে করা হয়েছে কিনা, সেই প্রশ্ন উঠেছিল। গুজরাতে এই মামলাকে প্রভাবিত করা হচ্ছে বলে অভিযোগ উঠেছিল। ফলে সুপ্রিম কোর্ট গুজরাতের বাইরে এই মামলার পুনর্বিবেচনার নির্দেশ দিয়েছিল। মুম্বইয়ের এক দায়রা আদালতে বিচারক অভয় থিপসের (বর্তমানে অবসরপ্রাপ্ত) এজলাসে মামলাটির ফের শুনানি হয়। ২১ জনের মধ্যে ৯ জনকে দোষী সাব্যস্ত করেছিলেন বিচারক অভয় থিপসে। তাঁদের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। বাকি ১২ জনকে তিনি বেকসুর খালাস দিয়েছিলেন। দোষী সাব্যস্ত ৯ জন বম্বে হাইকোর্টে দায়রা আদালতের ওই রায়কে চ্যালেঞ্জ করেছিলেন। ২০১২ সালে হাইকোর্ট, ৯ জনের মধ্যে পাঁচজনকে খালাস দিয়েছিল। বাকি চারজনের শাস্তি বহাল ছিল। ভদোদরার আদালতে হাজিরা দিলেও মুম্বইতে মামলার পুনর্বিবেচনার সময় পলাতক ছিলেন হর্ষদ সোলাঙ্কি এবং মাফাত গোহিল।

**ওয়ে ফাইন্ডারস ব্র্যান্ডস লিমিটেড**
CIN: U51909WB2014PLC204637
রেজিস্টার্ড অফিস: ২০৪, রাসবিহারী অ্যাভিনিউ, কলকাতা - ৭০০ ০২৯
টেলিফোন: (০৩৩) ২৩০১ ৪৪২১
ফ্যাক্স: (০৩৩) ২২৮৯৫৭৪৮
ই-মেইল: share.dept@bata.com

এতদ্বারা ওয়ে ফাইন্ডারস ব্র্যান্ডস লিমিটেড-এর সদস্যদের উপরে উল্লেখিত ঠিকানায় স্বাক্ষরিত অনুরোধ পত্র পাঠানোর মাধ্যমে তাদের ইমেল ঠিকানা/পরিবর্তন নিবন্ধন করার জন্য নোটিশ দেওয়া হল। ডিম্যাট মোডে শেয়ার ধারণকারী সদস্যদের তাদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট দের সাথে সরাসরি তাদের ইমেল ঠিকানা আপডেট করতে হবে।

**ওয়ে ফাইন্ডারস ব্র্যান্ডস লিমিটেডের জন্য**
স্বা/-
**নীলেশ কুমার চৌধুরী**
ডিরেক্টর
স্থান: গুরুগ্রাম
তারিখ: ১৩.০৬.২০২৩
DIN: 00670467

**BASIRHAT MUNICIPALITY**
**BASIRHAT, NORTH 24 PARGANAS**
**CORRIGENDUM**
**NIeT No.:WBMAD/BASIR/ E-01 of 2023-24 (1st Call)**
Online Tender has been invited from bonafide agencies for Supplying and Laying of Distribution pipe line (D.I. Pipes, All types and Class) including supply of DI Specials and temporary Road restoration for Water Supply Scheme in Zone A and B within Basirhat Municipal area in the District North 24 Parganas under AMRUT. e-Tender Closong Date : **28/06/2023 at 16:00 Hrs.** and Bid Opening Date : **30/06/2023 upto 16:00 Hrs.** For more information visit : **www.wbtenders.gov.in** and **www.basirhatmunicipality.in**
**Sd/-**
**Chairperson**
**Basirhat Municipality**

**ASANSOL MUNICIPAL CORPORATION**
**Asansol**
**Notice Inviting E-Tender**
E. Tender Notice No.- 61/PW/Eng/2023 dated 13-06-2023
Memo No.- 342/PW/Eng/2023 dated 13-06-2023
**Name of the Work:-** Electrical wiring of Community Hall at Chelidanga near Mahabir Sangh at Ward No.- 50, Borough No.-V under Asansol Municipal Corporation.
Please visit to website **www.asansolmunicipalcorporation.net** or **www.wbtenders.gov.in**
For details, intending contractors may also contact Eng. Dept. of this office and office notice Board.
**Sd/- Superintending Engineer**
**Asansol Municipal Corporation**

**BOLPUR MUNICIPALITY**
**Bolpur, Birbhum**
**N.I.T. No.- (I) WBMAD/ULB/BM/PW/MUNICIPALITY DEVELOPMENT GRANT/NIT-22 (2nd Call)**
**Memo No.- 638/BM/2023-2024 Dated : 13.06.2023**
**Name of the Work : (i) Construction of 1 No. Shop (First Floor) at Plaza Market at Sriniketan Road, in Ward No. 06 under Bolpur Municipality.**
**(ii) WBMAD/ULB/BM/PW/Development Grant Scheme/NIT-06/2023-2024**
**Memo No.- 639/BM/2023-2024 Dated : 13.06.2023**
**Name of the Work : (i) 8 Nos. of Civil work Sl. 1, 2, 3, 4, 5, 6, 7 & 8 under Bolpur Municipality. Last Date of Submission 23.06.2023, for details see Bolpur Municipality Notice Board & website : www.bolpurmunicipality.org**
**Sd/-**
**Chairman**
**Bolpur Municipality**

**দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার**
**টেন্ডার নং ঃ এডিইই-লিফ্টস-২০২৩-২৪- ১আর।** ভারতের রাষ্ট্রপতির জন্য ও পক্ষে, ডেপুটি চিফ ইলেকট্রিকাল সার্ভিসেস ইঞ্জিনিয়ার, দক্ষিণ পূর্ব রেলওয়ে, গার্ডেনরীচ, কলকাতা-৭০০০৪৩ কর্তৃক ০৭.০৭.২০২৩ তারিখ বিকেল ৩টের পূর্বে নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **কাজের বিবরণ ঃ** বিদ্যমান ৬টি বয়ঃভারে জীর্ণ লিফ্ট-এর স্থলে সাম্প্রতিকতম স্পেসিফিকেশন অনুসারে নিরাপত্তার মান অনুযায়ী নতুন লিফ্ট-এর ব্যবস্থা করার কাজ। **টেন্ডার মূল্য ঃ** প্রযোজ্য জিএসটি সমেত ১,৮১,৮২,২৯৯.৪২ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,৪০,৯০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০ টাকা (জিসিসি-২০২২ অনুসারে ই-টেন্ডার হওয়ার দরুন)। **বন্ধ হওয়ার তারিখ ঃ** ০৭.০৭.২০২৩ তারিখ বিকেল ৩টেয়। **সম্পূর্ণ হওয়ার মেয়াদ ঃ** স্বীকৃতিপত্র পাওয়ার তারিখ থেকে ০৮ (আট) মাস। আগ্রহী টেন্ডারদাতাগণ টেন্ডারের সম্পূর্ণ বিশদ/বিবরণ/নির্দিষ্টকরণ দেখতে এবং তাঁদের দরপ্রস্তাব অনলাইনে দাখিল করতে **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন। কোনো অবস্থাতেই এই টেন্ডারের প্রেক্ষিতে হাতেহাতে দাখিল করা দরপ্রস্তাব গৃহীত হবে না। **বি.দ্র. ঃ** সম্ভাব্য দরদাতাগণ অন্যান্য সকল টেন্ডারে অংশ নিতে **www.ireps.gov.in** দেখতে পারেন। **(PR-278)**

**এশিয়ান হোটেলস (ইস্ট) লিমিটেড**
সিআইএন নং : L15122WB2007PLC162762
রেজিঃ অফিস: হায়াত রিজেন্সি কলকাতা, জেএ-১, সেক্টর-৩, সল্টলেক সিটি, কলকাতা-৭০০১০৬, পঃবঃ, ভারত
ফোন : ০৩৩ ৬৮২০ ১৩৪৪/৪৬, ফ্যাক্স: ০৩৩ ২৩৩৫ ৮২৪৬
ইমেল আইডি: investorrelations@ahleast.com, ওয়েবসাইট: www.ahleast.com

**শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি**
**ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ)-তে কোম্পানির ইক্যুইটি শেয়ারসমূহ হস্তান্তরকরণ**

ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথোরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুলস, ২০১৬ সময়ে সময়ে সংশোধিত হিসেবে ("দি রুলস"), এর সঙ্গে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-র সেকশন ১২৪(৬) -এর বন্দোবস্ত অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, ৩১ মার্চ, ২০১৬ তারিখে সমাপ্ত আর্থিক বর্ষের জন্য দাবি না জানানো লভ্যাংশ এবং কোম্পানির অনুরূপ ইক্যুইটি শেয়ারসমূহের বিষয়ে দাবি না করা/টাকা না দেওয়া লভ্যাংশ। যা পরপর সাত বছরের জন্য, **১৫ সেপ্টেম্বর, ২০২৩** তারিখে আইইপিএফ-এ হস্তান্তরণের জন্য বকেয়া থাকবে।

সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণ যাঁদের শেয়ার আইইপিএফে হস্তান্তরকরণ হতে পারে তাদের অবশ্যই লক্ষ্য করতে হবে যে (১) এ সম্পর্কে ইতিমধ্যে তাদের আলাদা করে ব্যক্তিগত স্তরে, তাদের সর্বশেষ নিবন্ধিত ঠিকানায় নোটিস দেওয়া হয়েছে এবং এ সম্পর্কিত বিশদ বিবরণ কোম্পানির ওয়েবসাইট www.ahleast.com থেকে পাওয়া যাবে, (২) আপনাদের নামের ওরিজিনাল শেয়ার সার্টিফিকেটসমূহ সরাসরি বাতিল হবে এবং তা নন-নিগোশিয়েবল হিসাবে গণ্য হবে।

যদি কোন বৈধ দাবি **১৪ সেপ্টেম্বর, ২০২৩** তারিখের মধ্যে জমা না পড়ে তবে কোম্পানি সে সকল শেয়ারসমূহ ও ৩১ মার্চ, ২০১৬ তারিখে শেষ হওয়া অর্থবর্ষের অদাবীকৃত ডিভিডেন্ডসমূহ আইইপিএফের অনুকূলে হস্তান্তরকরণের জন্য উদ্যোগী হবে, কোনওরূপ অতিরিক্ত বিজ্ঞপ্তি ব্যতিরেকে। শেয়ারহোল্ডারগণ লক্ষ্য করবেন যে হস্তান্তরকরণের পর যদি কোনও কর্পোরেট বেনিফিট উদ্ভূত হয় কোম্পানির সে সকল শেয়ারের ক্ষেত্রে তবে তাও আইইপিএফের অনুকূলে জমা করা হবে এবং সেসকল শেয়ারসমূহের ভোটাধিকার স্থগিত রাখা হবে যতক্ষণ না ওই শেয়ারের বৈধ অধিকারী তার দাবি পেশ করছেন।

শেয়ারহোল্ডারদের আরও লক্ষ্য করতে বলা হচ্ছে যে, আইইপিএফের হস্তান্তরিত হওয়া শেয়ার ও অদাবীকৃত ডিভিডেন্ডের ক্ষেত্রে কোম্পানির আর কোনও দায় থাকবে না শেয়ারহোল্ডারগণ শেয়ার ও ডিভিডেন্ড আইইপিএফ কর্তৃপক্ষের কাছে আইইপিএফ রুলস -এর রুল ৭ অনুযায়ী তাদের দাবি জানাতে পারেন। এ সম্বন্ধে বিশদ বিবরণ আইইপিএফের ওয়েবসাইট www.iepf.gov.in থেকে পাওয়া যাবে।

এসম্বন্ধে যদি কোনও জিজ্ঞাস্য/বিশদ বিবরণ এবং রুলস সম্পর্কিত কোনও তথ্যের প্রয়োজন হয় তবে শেয়ারহোল্ডারগণ যোগাযোগ করুন :
কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট **মেসার্স কেফিন টেকনোলজিস লিমিটেড, (পূর্বতন কেফিন টেকনোলজিস প্রাইভেট লিমিটেড)** শ্রী শঙ্করা গোকাভারাপু, সেলেনিয়াম বিল্ডিং, টাওয়ার-বি, প্লট ৩১ এবং ৩২, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানকরামগুড়া, সেরিলিঙ্গামপল্লি, হায়দ্রাবাদ, রঙ্গরেড্ডি, তেলেঙ্গানা ভারত-৫০০০৩২, টেলি ০৪০-৭৯৬১ ১০০০; ফ্যাক্স ০৪০-৬৭১৬ ১৫৫৩; নিঃশুল্ক ফোন নং ১৮০০ ৩০৯ ৪০০১; ই-মেল einward.ris@kfintech.com।

**এশিয়ান হোটেলস (ইস্ট) লিমিটেড** -এর পক্ষে
স্বা/-
সৌমেন চট্টোপাধ্যায়
চিফ লিগাল অফিসার অ্যান্ড কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ: ১৩ জুন, ২০২৩

# টাটা স্টিল কারখানায় বিস্ফোরণে আহত ১৯ কর্মী



**ভুবনেশ্বর, ১৩ জুন:** ওড়িশার ঢেঙ্কানল জেলার মেরামণ্ডলীতে টাটার ইস্পাত কারখানায় ফার্নেসে বিস্ফোরণ ঘটে আহত হলেন কমপক্ষে ১৯ জন কর্মী। মঙ্গলবার দুপুর ২টো নাগাদ ঘটনাটি ঘটেছে।

প্রাথমিকভাবে জানা গিয়েছে, ব্লাস্ট ফার্নেস থেকে গ্যাস লিক করছিল। সেটি পরীক্ষা করছিলেন কিছু কর্মী এবং ইঞ্জিনিয়ার। তখনই সেই ফার্নেসে বিস্ফোরণ ঘটে। দাবি করা হচ্ছে, বিস্ফোরণের পর ওই কর্মী এবং ইঞ্জিনিয়ারদের গায়ে গরম জল ছিটকে পড়ে।

ওই কর্মী এবং ইঞ্জিনিয়ারদের উদ্ধার করে কটকের বেসরকারি হাসপাতালে ভর্তি করানো হয়েছে। এক বিবৃতি জারি করে টাটা স্টিল জানিয়েছে, বিএফএফপি২ পাওয়ার প্ল্যান্ট থেকে গ্যাস বেরোতে শুরু করে। সেটি মেরামতির কাজ করার সময় আহত হয়েছেন কয়েক জন কর্মী। তাঁদের চিকিৎসা চলছে। ওই কর্মীদের পরিবারের সঙ্গেও যোগাযোগ করা হয়েছে। দুর্ঘটনার পর প্রতিটি মুহূর্তের উপর নজর রাখা হচ্ছে বলে জানিয়েছে সংস্থাটি। টাটা স্টিল আরও জানিয়েছে, কর্মীদের নিরাপত্তাই তাদের মূল লক্ষ্য।

তবে স্থানীয় সূত্রে দাবি করা হয়েছে, আহতদের মধ্যে ২ জনের অবস্থা সঙ্কটজনক। ঢেঙ্কানলের পুলিশ সুপার জ্ঞানরঞ্জন মহাপাত্র বলেন, 'এই ঘটনায় ১৯ জন আহত হয়েছেন। কী ভাবে এই দুর্ঘটনা ঘটল তা খতিয়ে দেখা হচ্ছে। জেলা প্রশাসনের একটি দল তদন্ত করবে।'